গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১০০

তারিখঃ ২১বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসার পরিচ্ছন্নতা কর্মী জনাব মাহবুবুর রহমান (ইনডেক্স নং: M0076852), নিরাপত্তা কর্মী জনাব আরিফুল ইসলাম (ইনডেক্স নং: M0076853), আয়া জনাব মোছাঃ হোসনে আরা (ইনডেক্স নং: M0077048) এর ইনডেক্স কর্তন এবং উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৮৭; তারিখ: ১৬/০৪/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসায় গত ১/১১/২০২৫ তারিখে পরিচ্ছন্নতা কর্মী, নিরাপত্তা কর্মী এবং আয়া পদে নিয়োগ কার্যক্রম অনুষ্ঠিত হয়। উক্ত ০৩ জন কর্মচারী ইতোমধ্যে এমপিওভুক্ত হয়েছে। টেম্পারিং করে ম্যানেজিং কমিটির মেয়াদ বৃদ্ধি, ভুয়া কাগজপত্র তৈরী করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেছেন মর্মে ২১/০১/২০২৬ তারিখের উমাশিঅ/রা.হাট/জেশিঅ-৪৪৯/২০২৬/২৮ নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম অবহিত করেন। তৎপ্রেক্ষিতে এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদ্রাসার পরিচ্ছন্নতা কর্মী জনাব মাহবুবুর রহমান (ইনডেক্স নং: M0076852), নিরাপত্তা কর্মী জনাব আরিফুল ইসলাম (ইনডেক্স নং: M0076853), আয়া জনাব মোছাঃ হোসনে আরা (ইনডেক্স নং: M0077048) এর ইনডেক্স কর্তন করা হলো।

এমতাবস্থায়, এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদ্রাসার পরিচ্ছন্নতা কর্মী জনাব মাহবুবুর রহমান (ইনডেক্স নং: M0076852), নিরাপত্তা কর্মী জনাব আরিফুল ইসলাম (ইনডেক্স নং: M0076853), আয়া জনাব মোছাঃ হোসনে আরা (ইনডেক্স নং: M0077048) এর এমপিওভুক্তির তারিখ হতে উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/০৫/২০২৬

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। সুপার, সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
২। পরিচ্ছন্নতা কর্মী জনাব মাহবুবুর রহমান (ইনডেক্স নং: M0076852)
৩। নিরাপত্তা কর্মী জনাব আরিফুল ইসলাম (ইনডেক্স নং: M0076853)
৪। আয়া জনাব মোছাঃ হোসনে আরা (ইনডেক্স নং: M0077048)

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
৪। সভাপতি, সিরাজ উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-২০৪

তারিখঃ ২১ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন সেরুডাঙ্গা দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাঃ নারজুস আরা বেগম (ইনডেক্স নং: R2024737) এর ইনডেক্স কর্তন এবং উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৮৭; তারিখ: ১৬/০৪/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ১০/০২/২০২৬ তারিখের ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.১৬৬ নং স্মারকমূলে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন সেরুডাঙ্গা দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাঃ নারজুস আরা বেগম (ইনডেক্স নং: R2024737) এর শিক্ষক নিবন্ধন সনদটি এনটিআরসিএ-এর ডাটাবেজে অন্তর্ভুক্ত করার জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন দায়ের করেন। মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী এনটিআরসিএ'র কার্যালয়ে অনুষ্ঠিত শুনানী এবং সংরক্ষিত নথিপত্র পর্যালোচনায় পাওয়া যায় জনাব মোছাঃ নারজুস আরা বেগম ২০০৮ সালের ৪র্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণ করলেও অকৃতকার্য হয়েছেন। তার দাখিলকৃত শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রটি এনটিআরসিএ'র কার্যালয়ের গত ০৭/০১/২০২৫ তারিখের ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.৭৮ নং স্মারক মূলে 'জাল ও ভুয়া' মর্মে প্রমাণিত হয়েছে। এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর ১৮.১ (গ) ও (ঙ) অনুচ্ছেদ অনুযায়ী মোছাঃ নারজুস আরা বেগম এর ইনডেক্স কর্তন করা হলো।

এমতাবস্থায়, এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাঃ নারজুস আরা বেগম (ইনডেক্স নং: R2024737) এর এমপিওভুক্তির তারিখ হতে উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/০৫/২০২৬

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। সুপার, সেরুডাঙ্গা দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর।
২। সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাঃ নারজুস আরা বেগম (ইনডেক্স নং: R2024737)

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর।
৪। সভাপতি, সেরুডাঙ্গা দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৯০১

তারিখঃ ২১বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন ফরিদগঞ্জ মজিদিয়া কামিল এম এ মাদ্রাসায় জনাব মোঃ মোশাররফ হোসাইন (ইনডেক্স:2113318) এর উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৮৭; তারিখ: ১৬/০৪/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন ফরিদগঞ্জ মজিদিয়া কামিল এম এ মাদ্রাসায় জনাব মোঃ মোশাররফ হোসাইন, মুহাদ্দিস পদে গত ২১/১০/২০২৪ তারিখের নিয়োগপত্রের আলোকে ২৮/১০/২০২৪ তারিখে যোগদান করেন। তিনি নভেম্বর/২০২৪ মাসে এমপিও ভুক্তির জন্য অনলাইনে আবেদন করলে কাম্য অভিজ্ঞতা নেই মর্মে কারণ দেখিয়ে আবেদনটি বাতিল করা হয়। একই কারণে একাধিকবার আবেদনটি বাতিল করা হয়। জনাব মোঃ মোশাররফ হোসাইন মার্চ/২০২৬ মাসে পুন:নিয়োগে আবেদন করলে ভুলবশত তা অনুমোদন দেয়া হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ অনুসারে জনাব মোঃ মোশাররফ হোসাইন মুহাদ্দিস (৬ষ্ঠ গ্রেড) পদে এমপিওভুক্তি হওয়ার সুযোগ না থাকায় এমপিওভুক্তির আবেদন বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ইনডেক্স কর্তন করা হলো।

এমতাবস্থায়, এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদ্রাসার জনাব মো: মোশাররফ হোসাইন (ইনডেক্স:2113318), এর উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

04/05/2024

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। অধ্যক্ষ, ফরিদগঞ্জ মজিদিয়া কামিল এম এ মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর
২। জনাব মো: মোশাররফ হোসাইন (ইনডেক্স:2113318)

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর
৪। সভাপতি, ফরিদগঞ্জ মজিদিয়া কামিল এম এ মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।